# করসমূহের অন্তঃকালীন সংগ্রহণ আইন, ১৯৩১

## ১৯৩১-এর ১৬ নং আইন

[১লা জুন, ১৯৮৮ তারিখে যথা-বিদ্যমান]

**বিধেয়কসমূহে বহিঃশুল্ক বা অন্তঃশুল্কের আরোপণ বা বৃদ্ধি সংক্রান্ত বিধানসমূহ সীমিত সময়ের জন্য অবিলম্বে কার্যকর করিবার ব্যবস্থা করিবার জন্য বিধি সংশোধনার্থ আইন।**

[২৮শে সেপ্টেম্বর, ১৯৩১।]

যেহেতু বিধেয়কসমূহে বহিঃশুল্ক বা অন্তঃশুল্কের আরোপণ বা বৃদ্ধি সংক্রান্ত বিধানসমূহ সীমিত সময়ের জন্য অবিলম্বে কার্যকর করিবার ব্যবস্থা করিবার জন্য বিধি সংশোধন করা সঙ্গত ;

অতএব এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

সংক্ষিপ্ত নাম।

**১।** এই আইন করসমূহের অন্তঃকালীন সংগ্রহণ আইন, ১৯৩১ নামে অভিহিত হইবে।

সংজ্ঞার্থ।

**২।** এই আইনে, "ঘোষিত বিধান" বলিতে, কোন বিধেয়কের এরূপ কোন বিধান বুঝাইবে, যৎসম্পর্কে ৩ ধারা অনুযায়ী একটি ঘোষণা করা হইয়াছে।

এই আইন অনুযায়ী ঘোষণা করিবার ক্ষমতা।

**৩।** যেক্ষেত্রে সরকারের পক্ষে সংসদে উপস্থাপনীয় কোন বিধেয়কে কোন বহিঃশুল্কে বা অন্তঃশুল্কের আরোপণ বা বৃদ্ধির ব্যবস্থা করা হয়, সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বিধেয়কটিতে এই মর্মে একটি ঘোষণা সন্নিবেশিত করাইতে পারিবেন যে, ঐ বিধেয়কের ঐরূপ আরোপণ বা বৃদ্ধি সংক্রান্ত যেকোন বিধানের এই আইন অনুযায়ী অবিলম্বে কার্যকর হওয়া জনস্বার্থে সঙ্গত।

এই আইন অনুযায়ী ঘোষণাসমূহের ফল ও উহাদের স্থিতিকাল।

**৪।** (১) কোন ঘোষিত বিধান, তৎসম্বলিত বিধেয়কটি যে দিনে উপস্থাপিত হয়, সেই দিন অবসিত হইবার সঙ্গে সঙ্গেই বিধিবৎ বল প্রাপ্ত হইবে।

(২) কোন ঘোষিত বিধানের এই আইনের বিধানসমূহ অনুযায়ী প্রাপ্ত বিধিবৎ বল আর থাকিবে না—

(ক) যখন উহা, সংশোধন সহ বা সংশোধন ব্যতীত, সংবিহিতরূপে সক্রিয় হয়, অথবা

(খ) যখন কেন্দ্রীয় সরকার, সংসদ কর্তৃক গৃহীত কোন সমাবেদন অনুসারে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দেশ দেন যে, উহার বিধিবৎ বল আর থাকিবে না, অথবা

(গ) (ক) প্রকরণ বা (খ) প্রকরণ অনুযায়ী উহার বিধিবৎ বলের বিরতি ইতঃপূর্বেই না হইয়া থাকিলে, যখন ঐ ঘোষিত বিধান সম্বলিত বিধেয়কটি যেদিনে উপস্থাপিত হইয়াছিল তৎপরবর্তী পঞ্চসপ্ততিতম দিনের অবসান হয়।

ঘোষণাসমূহ আর কার্যকর না থাকিলে, কোন কোন প্রত্যর্পণ করণীয় হইবে।

**৫।** (১) যেক্ষেত্রে কোন ঘোষিত বিধান তৎসম্বলিত বিধেয়কটি যেদিন উপস্থাপিত হইয়াছিল তৎপরবর্তী পঞ্চসপ্ততিতম দিবস অবসিত হইবার পূর্বেই কোন সংশোধিত আকারে সংবিহিতরূপে সক্রিয় হয়, সেক্ষেত্রে সংগৃহীত সেই সকল শুল্কের প্রত্যর্পণ করিতে হইবে, যে সকল শুল্ক, সংবিহিতিতে গৃহীত বিধানটি ঘোষিত বিধান হইলে, সংগৃহীত হইত নাঃ

তবে, এই উপধারা অনুযায়ী যে হারে কোন শুল্কের প্রত্যর্পণ করা যাইতে পারে তাহা, ঘোষিত বিধানে প্রস্তাবিত ঐরূপ শুল্কের হার এবং বিধেয়কটি উপস্থাপিত হইবার কালে বলবৎ ঐরূপ শুল্কের হার, এতদুভয়ের অন্তরের অধিক হইবে না।

(২) যেক্ষেত্রে ৪ ধারার (২) উপধারার (খ) প্রকরণ বা (গ) প্রকরণ অনুযায়ী কোন ঘোষিত বিধানের বিধিবৎ বল আর না থাকে, সেক্ষেত্রে সংগৃহীত সেই সকল শুল্কের প্রত্যর্পণ করিতে হইবে, যে সকল শুল্ক, ঐ বিধান সম্পর্কিত ঘোষণাটি কৃত না হইয়া থাকিলে, সংগৃহীত হইত না।

৬। (নিরসন।) নিরসনী আইন, ১৯৩৮ (১৯৩৮-এর ১), ২ ধারা ও তফসিল দ্বারা নিরসিত।